দৈনিক সংবাদ

৮/১০/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৩ ......

# প্রায় এক যুগ ধরে লাইব্রেরি তালাবদ্ধ ॥ খুলে দেয়ার দাবি

শ্রীপুর (গাজীপুর) থেকে সংবাদদাতা ঃ ‍ীপুর উপজেলা পাবলিক লাইব্রেরিতে ‍ইসহ প্রয়োজনীয় উপকরণাদি থাকা সত্ত্বেও ‍দ্বোধনের পর থেকে প্রায় এক যুগ পেরিয়ে ‍গলেও এখনো পর্যন্ত সেটি তালাবদ্ধ ‍বস্থায় রয়েছে। আমলাতান্ত্রিক মানসিকতা ‍বং কৃত্রিম সংকটের কারণেই লাইব্রেরিটির ‍াজ এই হাল। স্থানীয় সুধীমহল দীর্ঘদিন ‍বং লাইব্রেরিটি খুলে দেয়ার দাবি জানিয়ে ‍াসলেও কর্তৃপক্ষ এ ব্যাপারে নীরব ভূমিকা ‍লন করছেন।

শ্রীপুর উপজেলা পরিষদ সূত্রে জানা ‍ছে, ১৯৮৫ সালের ১৩ই জুলাই তৎকালীন শ্রীপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট আফতাব উদ্দিন আহমেদ উপজেলা মিলনায়তনের উত্তর পার্শ্বে পাবলিক লাইব্রেরির নিজস্ব ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এরপর থেকে এটি মাত্র এক বছর পর্যন্ত চালু থাকে। তারপর তিন বছর টানা বন্ধ থাকে। এভাবে ৯৫-৯৬ সাল পেরিয়ে যায়। কিন্তু এর পর প্রায় সাড়ে চার বছর শ্রীপুর পাবলিক লাইব্রেরির কার্যক্রম বন্ধ রয়েছে।

গত ২০০০ সালে শ্রীপুরের কয়েকজন সাহিত্য ও সংস্কৃতিসেবী তৎকালীন উপজেলা নির্বাহী কর্মকর্তা হারুন-উর-রশীদ খানের কাছে লাইব্রেরিটি খুলে দেয়ার আবেদন জানালে তিনি এ ব্যাপারে দায়িত্ব দেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোজাম্মেল হোসেনকে। কিন্তু লাইব্রেরিটি খুলে দেয়ার বিষয়টির আর কোন সুরাহা